76

তারিখ ... ... 15 JUN 1997 ..
পৃষ্ঠা ১২ কলাম ...১.....

দৈনিক সংবাদ

## জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ শুরু

দেশকে নিরক্ষরতার অভিশাপমুক্ত করতে এবং জাতীয় অগ্রগতি অর্জনে প্রাথমিক শিক্ষার গুরুত্ব সম্পর্কে জনগণকে আরো সচেতন করে তোলার লক্ষ্যে গতকাল শনিবার থেকে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৯৭ শুরু হয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষা উপমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার ঢাকার মতিঝিল আইডিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বৃক্ষ রোপণের মাধ্যমে এ সপ্তাহের উদ্বোধন করেন। খবর সরকারি তথ্য বিবরণীর।